

কবরস্থানে একা হয়ে যাচ্ছেন আনিসুল হক

✍ নিজস্ব প্রতিবেদক

🕒 প্রকাশিত: ০৮:১৪ এএম, ০৪ ডিসেম্বর ২০১৭



সদ্য প্রয়াত ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হককে বনানী কবরস্থানে দাফন করার পর গতকাল (রোববার) পর্যন্ত সেখানে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের ভিড় দেখা গেছে। কিন্তু আজ (সোমবার) বেলা ১১টার দিকে সেখানে কাউকেই দেখা যায়নি। শুনসান নীরবতায় একাকী ঘুমাচ্ছেন সদ্য প্রয়াত ঢাকা উত্তরের নগরপিতা।

মো. সাইদুল নামে বনানী কবরস্থানের এক পরিচর্যাকারী জাগো নিউজকে বলেন, রোববার পর্যন্ত মেয়রের কবরে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ শ্রদ্ধা জানাতে আসেন। আজ খুব ভোরে তার পরিবারের সদস্য ও নিকট আত্মীয়রা এসেছিলেন। তবে তারা চলে যাওয়ার পর আর কেউ আসেননি।

তিনি নিজের অভিজ্ঞতার আলোকে বলেন, এ ধরনের গুণী ব্যক্তি মারা গেলে প্রথম কয়েকদিন মানুষ শ্রদ্ধা জানাতে কবরস্থানে আসেন। তারপর কয়েক দিন চলে গেলে আর তেমন কেউ আসেন না। তবে কবর জিয়ারত করতে নিজের আত্মীয়-স্বজন মাঝে মধ্যে আসেন।

উল্লেখ্য, গত ২৯ জুলাই ব্যক্তিগত সফরে আনিসুল হক সপরিবারে যুক্তরাজ্যে যান। সেখানে অসুস্থ হয়ে পড়লে গত ১৩ আগস্ট তাকে লন্ডনের ন্যাশনাল নিউরোসায়েন্স হাসপাতালে ভর্তি করা হয়। পরীক্ষা-নিরীক্ষার পর তার মস্তিষ্কে প্রদাহজনিত রোগ ‘সেরিব্রাল ভাস্কুলাইটিস’ শনাক্ত করেন চিকিৎসকরা। এরপর তাকে দীর্ঘদিন আইসিইউতে রেখে চিকিৎসা দেয়া হচ্ছিল।

জাগোনিউজের খবর পেতে ফলো করুন

আমাদের গুগল নিউজ চ্যানেল।

একপর্যায়ে তার শারীরিক পরিস্থিতির কিছুটা উন্নতি হওয়ায় ৩১ আগস্ট আইসিইউ থেকে রিহ্যাবিলিটেশন সেন্টারে স্থানান্তর করা হয়। পরে তাকে ওয়েলিংটন হাসপাতালে আনা হয়। গত বৃহস্পতিবার রাত ১০টা ২৩ মিনিটে লন্ডনের দ্য ওয়েলিংটন হাসপাতালে তিনি মারা যান। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৬৫ বছর। গত শনিবার বিকেল সোয়া ৫টার দিকে বনানী কবরস্থানে ছোট ছেলে শারাফুল হকের কবরে দাফন সম্পন্ন হয় আনিসুল হকের।

এমইউএইচ/এমএমজেড/জেআইএম